

বোধপরীক্ষণ

নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :-

১। “বিদ্যাসাগর বর্ধমান শহর থেকে হেঁটে চলেছেন কালনার পথে । সঙ্গে রয়েছেন গিরিশচন্দ্র বিদ্যারত্ন । কানলায় তাঁরা জরুরী কাজে যাচ্ছেন । থমকে দাঁড়ালেন বিদ্যাসাগর । রাস্তার পাশে একজন পথিক পড়ে আছে । তার কলেরা হয়েছে । কাপড়চোপড় ময়লা-মখা । তার দেহেও ময়লা । পথে কত লোক চলেছে । কিন্তু সকলে নাকে মুখে কাপড় দিয়ে সরে যাচ্ছে । বিদ্যাসাগর দ্রুত এগিয়ে এসে রোগীকে কাঁধে তুলে নিলেন ।”

- ক) বিদ্যাসাগর কার সঙ্গে কোথায় যাচ্ছিলেন ?
- খ) বিদ্যাসাগর যাওয়ার পথে কী দেখতে পেলেন ?
- গ) অনুচ্ছেদটি পড়ে তোমরা কী শিক্ষা পেলে তা লেখো ।
- ঘ) ‘শহর’ শব্দটির বিপরীত শব্দ লেখো ।